

সৈয়দপুর উপজেলা পরিষদ  
জেলাঃ নীলফামারী

স্মারক নংঃ

তারিখঃ ২১/১২/২০২১খ্রিঃ

উপজেলা পরিষদের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিষয়ক কমিটির সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি : মোছাঃ সানজিদা বেগম লাকী  
ভাইস চেয়ারম্যান (মহিলা)  
উপজেলা পরিষদ, সৈয়দপুর, নীলফামারী।

সভার তারিখ : ২১/১২/২০২১খ্রিঃ

সময় : ১০.৩০ ঘটিকা

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, সৈয়দপুর, নীলফামারী।

উপস্থিত ব্যক্তিগণের তালিকা (পরিশিষ্ট-ক)

সভার শুরুতে সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি সভা পরিচালনা করার জন্য কমিটির সদস্য সচিব ও উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার কে অনুরোধ জানান। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। কোন প্রকার সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয়।

২। আলোচ্য বিষয়-০২ঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটির কার্যক্রম পর্যালোচনা

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
<p>সভার সদস্য সচিব জনাব ডাঃ মোঃ আলিমুল বাসার সভায় জানান যে, সৈয়দপুর উপজেলার হাজারীহাট উপ-স্বাস্থ্য কেন্দ্রের জন্য একজন এমবিবিএস ডাক্তার, একজন মিডওয়াইফ সহ নরমাল ডেলিভারী করানোর জন্য প্রয়োজনীয় লোকবল সরকার নিয়োগ দিয়েছে কিন্তু জায়গা থাকলেও প্রয়োজনীয় অবকাঠামো না থাকায় অত্র এলাকার এবং আশেপাশের এলাকার সাধারণ মানুষ প্রাতিষ্ঠানিক প্রসবসহ জরুরী স্বাস্থ্যসেবা থেকে বঞ্চিত হচ্ছেন। সভায় তিনি আরো জানান, এ উপ-প্রকল্প বাস্তবায়ন হলে-</p> <p>(ক) প্রাতিষ্ঠানিক ও নিরাপদ স্বাভাবিক প্রসবের হার বৃদ্ধি পাবে;</p> <p>(খ) করোনা ভ্যাকসিনসহ অত্যাৱশ্যকীয় ঔষধ এবং নিরাপদ ঔষধ সংরক্ষণে এবং বিতরণে সহায়ক হবে;</p> <p>(গ) সরকারি চিকিৎসক ও প্রয়োজনীয় দক্ষ জনবলের মাধ্যমে বিনামূল্যে মানসম্মত চিকিৎসা সেবা নিশ্চিত হবে;</p> <p>(ঘ) করোনা/অন্যান্য মহামারীসহ মাতৃমৃত্যু কমানোর ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে;</p> <p>(ঙ) স্বাস্থ্য খাতের অবকাঠামোগত ঘাটতি পূরণে সহায়ক হবে এবং</p> <p>(চ) জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার ০৩নং লক্ষ্যমাত্রা সুস্বাস্থ্য অর্জনে ভূমিকা রাখবে।</p>	<p>জনগুরুত্বপূর্ণ বিবেচনায় উপ-প্রকল্পটি উপজেলা পরিষদের প্রকল্প বাছাই কমিটির সভায় উত্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা</p>

৩। আলোচ্য বিষয়-০৩ঃ অ্যান্টিবায়োটিক ঔষধের অপব্যবহার ও অপচিকিৎসা রোধে করণীয়

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
<p>সভার সদস্য সচিব জনাব ডাঃ মোঃ আলিমুল বাসার সভায় জানান যে, চিকিৎসাবিধি বহির্ভূত/বেআইনীভাবে বাংলাদেশে যত্রতত্র অ্যান্টিবায়োটিক ঔষধের অপ-প্রয়োগ/অপব্যবহার এবং অপকিচিৎসার প্রবণতা মারাত্মক আকার ধারণ করেছে। স্থানীয় পর্যায়ে ফার্মেসীর মালিকা/কর্মচারী ও গ্রাম্য চিকিৎসকদের অ্যান্টিবায়োটিক ঔষধ প্রয়োগ, ব্যবহারবিধি সম্পর্কে যথাযথ জ্ঞান ও দক্ষতা না থাকার কারণে অপচিকিৎসা প্রদানের হার ক্রমশঃ বৃদ্ধি পাচ্ছে। অ্যান্টিবায়োটিক ঔষধের অপ-প্রয়োগ ও অপব্যবহার বর্তমানে জাতীয় সমস্যায় পরিনত হয়েছে। অ্যান্টিবায়োটিক ঔষধের অপ-প্রয়োগ/অপব্যবহার এবং অপকিচিৎসার ফলে স্বাস্থ্যঝুঁকি বৃদ্ধি পাচ্ছে।</p> <p>উপ-প্রকল্প যেসব সমস্যার সমাধান করবে/চাহিদা মেটাবেঃ</p> <ul style="list-style-type: none"> <li>• অ্যান্টিবায়োটিক ঔষধ সঠিক প্রয়োগ/ব্যবহারের বিধি এবং অপপ্রয়োগ/অপব্যবহার ও অপচিকিৎসার ক্ষেত্রসমূহ সম্পর্কে জানতে পারবে।</li> <li>• অ্যান্টিবায়োটিক ঔষধের অপব্যবহার ও অপচিকিৎসা রোধে গ্রাম্য চিকিৎসক, ফার্মেসী মালিক/ কর্মচারীদের দায়িত্ব ও কর্তব্য।</li> <li>• অ্যান্টিবায়োটিক ঔষধের অপব্যবহার এবং অপচিকিৎসার প্রভাব সম্পর্কে জানতে পারবে।</li> <li>• ঔষধ আইন ( বিষ আইন ১৯১৯, বিপদজনক ঔষধ আইন ১৯৩০, ঔষধ আইন ১৯৪০, ঔষধ ( নিয়ন্ত্রন) অধ্যাদেশ ১৯৮২, মাদকদ্রব্য নিয়ন্ত্রন আইন ১৯৯০) বিভিন্ন ধারা সম্পর্কে জানতে পারবে।</li> <li>• ফার্মেসী অধ্যাদেশ ১৯৭৬ অনুযায়ী ঔষধ সংরক্ষণ ও বিপণনের নীতিমালা সম্পর্কে জানতে পারবে।</li> <li>• অত্যাবশ্যকীয় ঔষধ এবং নিরাপদ ঔষধ ব্যবহার সম্পর্কে সচেতনতা ও দক্ষতা বৃদ্ধি পাবে।</li> </ul>	<p>জনগুরুত্বপূর্ণ বিবেচনায় উপ-প্রকল্পটি উপজেলা পরিষদের প্রকল্প বাছাই কমিটির সভায় উত্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিষয়ক কমিটি কর্মকর্তা, সৈয়দপুর</p>

৪। অতপরঃ আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



(মোছাঃ সানজিদা বেগম লাকী)

সভাপতি

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিষয়ক কমিটি

ও

ভাইস-চেয়ারম্যান (মহিলা)

উপজেলা পরিষদ, সৈয়দপুর, নীলফামারী।

উপজেলা পরিষদ কার্যালয়  
সৈয়দপুর, নীলফামারী।

তারিখঃ ২১/১২/২০২১খ্রিঃ

স্মারক নং-

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

- ১। জেলা প্রশাসক, নীলফামারী।
- ২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, নীলফামারী।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সৈয়দপুর, নীলফামারী।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, সৈয়দপুর, নীলফামারী।
- ৫। উপজেলা..... কর্মকর্তা, সৈয়দপুর, নীলফামারী।
- ৬। চেয়ারম্যান, .....ইউনিয়ন পরিষদ, সৈয়দপুর, নীলফামারী।
- ৭। অফিস কপি।



সভাপতি

উপজেলা পরিষদের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিষয়ক কমিটি  
সৈয়দপুর, নীলফামারী।